# Times Today BD

রেজাউল করিম লিটন | খুলনা | 15 April, 2025

চুয়াডাঙ্গায় সড়কে শৃঙ্খলা ফেরাতে প্রতিনিয়ত নিরলসভাবে কাজ করছে জেলার ট্রাফিক বিভাগ। তবে থ্রি হুইলার, ইজিবাইক চালকদের যথাযথ প্রশিক্ষণ ও ট্রাফিক সিগন্যাল সম্পর্কে যথেষ্ট ধারণা না থাকায় শহরের গুরুত্বপূর্ণ সড়কে যানজট প্রতিনিয়ত দুর্ঘটনায় প্রানহানিসহ মারাত্বক আহত হয়ে সারাজীবনের মত পঙ্গুত্ববরণ করছে।
এই বিষয়টির গুরুত্ব অনুধাবন করে পথচারীদের দুর্ভোগ লাঘবে ও জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে আজ মঙ্গলবার ( ১৫ এপ্রিল)  বেলা সাড়ে ১১ টায় শহরের শহীদ হাসান চত্বরের পুলিশ বক্সে ইজিবাইক চালকদের নিয়ে  ট্রাফিক সচেতনতামূলক প্রশিক্ষন কর্মশালার আয়োজন করা হয়!

চুয়াডাঙ্গা পুলিশ সুপার খন্দকার গোলাম মওলা'র উদ্যোগে জেলা পুলিশের ট্রাফিক বিভাগ এ কর্মশালার আয়োজন করে।

সচেতনতামূলক এ প্রশিক্ষনে ইজিবাইক ড্রাইভারদের রাস্তায় চলাচলে নিয়মকানুন, ট্রাফিক সিগন্যাল,দূর্ঘটনা প্রতিরোধে তাদের করনীয় এবং সুশৃঙ্খলভাবে ড্রাইভিং প্রশিক্ষণের উপর ধারনা দেয়া হয়।

এ সময় আরো উপস্থিত ছিলেন (টিআই, প্রশাসন) আমিরুল ইসলাম, ট্রাফিক ইন্সপেক্টর  গোলাম সারওয়ার খাঁন,  হাসান মল্লিক, ট্রাফিক সার্জেন্ট নবাব আলী।

ইজিবাইক কর্মশালা দুর্ঘটনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 17:42

URL: https://timestodaybd.com/khulna/308985864